

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৯৪

كاب النكاح) الكام) كاب النكاح)

পরিচ্ছেদঃ ৫১. দুধপানের ব্যাপারে স্ত্রীলোকের একবার সাক্ষ্য দেয়া (যথেষ্ট)

بَابِ شَهَادَةِ الْمَرْأَةِ الْوَاحِدَةِ عَلَى الرَّضَاعِ

## আরবী

حَدَّثَنَا أَبُو عَاصِمٍ عَنْ ابْنِ جُرَيْجٍ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ قَالَ حَدَّثَنِي عُقْبَةُ بْنُ الْحَارِثِ ثُمَّ قَالَ لَمْ يُحَدِّثْنِيهِ وَلَكِنْ سَمِعْتُهُ يُحَدِّثُ الْقَوْمَ قَالَ تَزَوَّجْتُ بِنْتَ أَبِي إِهَابٍ فَجَاءَتْ أَمَةٌ سَوْدَاءُ لَمْ يُحَدِّثْنِيهِ وَلَكِنْ سَمِعْتُهُ يُحَدِّثُ الْقَوْمَ قَالَ تَزَوَّجْتُ بِنْتَ أَبِي إِهَابٍ فَجَاءَتْ أَمَةٌ سَوْدَاءُ فَقَالَتْ إِنِي أَرْضَعْتُكُمَا فَأَتَيْتُ النَّبِيَّ صَلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَأَعْرَضَ عَنِي فَقَالَتْ إِنِي أَرْضَعْتُكُما فَأَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَأَعْرَضَ عَنِي قَالَ أَبُو عَاصِمٍ قَالَ فِي التَّالِثَةِ أَوْ الرَّابِعَةِ قَالَ كَيْفَ وَقَدْ قِيلَ وَنَهَاهُ عَنْهَا قَالَ أَبُو عَاصِمٍ وَقَالَ عُمْرُ بْنُ سَعِيدِ بْنِ أَبِي حُسَيْنٍ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ فَكَيْفَ وَقَدْ قِيلَ وَلَمْ يَقُلْ نَهَاهُ عَنْهَا قَالَ أَبُو عَاصِمٍ عَنْ ابْنِ أَبِي مُلَيْكَةَ فَكَيْفَ وَقَدْ قِيلَ وَلَمْ يَقُلْ نَهَاهُ عَنْهَا قَالَ أَبُو مُحَمَّد كَذَا عِنْدَنَا

## বাংলা

২২৯৪. 'উকবাহ ইবনুল হারিস রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণনা করেন, তিনি বলেন, আমি আবূ ইহাব রাদ্বিয়াল্লাহু আনহু এর কন্যাকে বিয়ে করলে তাঁর নিকট জনৈকা কালো ক্রীতদাসী এসে বলল, আমি তোমাদের উভয়কে ('উকবাহ কে এবং তার নববধূকে) দুধ পান করিয়েছি।' (একথা জানার পর) আমি মদিনায় আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গেলাম এবং তাঁকে বিষয়টি জানালাম। তখন তিনি আমার থেকে মুখ ফিরিয়ে নিলেন।

আবূ আসিম বলেন, তিনি তৃতীয় কিংবা চতুর্থবারে বলেন, তিনি (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ "এ কথা বলার পরও কীভাবে (তুমি তার সঙ্গে সংসার করবে)?" এভাবে তিনি তার (স্ত্রী) থেকে তাঁকে বারণ করলেন।'[1]

আবূ আসিম বলেন: আর আমর ইবনু সাঈদ ইবনু আবীল হুসাইন, আবী মুলাইকাহ হতে একথা বর্ণনা করেছেন: "এ কথা বলার পরও কীভাবে (তুমি তার সঙ্গে সংসার করবে)?" কিন্তু 'এভাবে তিনি তার (স্ত্রী) থেকে তাঁকে বারণ করলেন'- একথাটুকু তিনি বর্ণনা করেননি আবূ মুহাম্মদ বলেন, আমাদের নিকট এভাবেই (বর্ণিত হয়েছে)।



## ফুটনোট

[1] তাহক্রীক্ব: এর সনদ যয়ীফ, তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: বুখারী, ইলম ৮৮; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪২১৬, ৪২১৭, ৪২১৮ ও মুসনাদুল হুমাইদী নং ৫৯০ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উকবা ইবনুল হারিস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন